দৈনিক আমাদের সময়

তারিখ 27 SEP 2016
পৃষ্ঠা ৩ ৩ কলাম ৪

### জাবির প্রীতিলতা হল

# এক ছাত্রীর কক্ষ ২১ দিন ধরে তালাবদ্ধ রেখেছে প্রশাসন

**নিজস্ব প্রতিবেদক, সাভার ●** কক্ষ বরাদ্দে অনিয়মের প্রতিবাদ করায় এক আবাসিক ছাত্রীর কক্ষ ২১ দিন ধরে তালাবদ্ধ করে রেখেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রীতিলতা হল প্রশাসন। গতকাল সোমবার বিকালে ওই হলের প্রাধ্যক্ষ ও সুপারদের পদত্যাগের দাবিতে প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেয় ভুক্তভোগী শিক্ষার্থীর সহপাঠী ও বিভাগের শিক্ষার্থীরা। পরে উপাচার্যের কাছে স্মারকলিপি দেয় তারা।

জানা যায়, হল প্রশাসন ওই ছাত্রীর কক্ষের ভেতরে থাকা প্রয়োজনীয় কাপড়-চোপড় ও বইপত্রসহ তালা মেরে দেয়। ফলে দীর্ঘদিন ধরে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বন্ধুদের কক্ষে মানবেতর দিনযাপন করতে হচ্ছে। ভুক্তভোগী ওই শিক্ষার্থী জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের মাস্টার্সে অধ্যয়নরত এবং প্রীতিলতা হলের আবাসিক শিক্ষার্থী।

ওই শিক্ষার্থী জানান, গত ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তিনি দুই সিটের কক্ষ থেকে এক সিটবিশিষ্ট ৪২৩ নং কক্ষের জন্য আবেদন করেন।